

দৈনিক ইনকিলাব

তারিখ
পৃষ্ঠা ১৩ কলাম

প্রতিটি প্রজন্ম যেন ইসলামের মৌলিক শিক্ষা পেতে পারে সেভাবেই ছাত্রদের জ্ঞান দেয়ার ব্যবস্থা করতে হবে

স্টাফ রিপোর্টারঃ পবিত্র ঈদে মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষে তমদ্দুন মজলিস আয়োজিত আলোচনা সভায় শিক্ষামন্ত্রী ডঃ এম. ওসমান ফারুক বলেছেন, ইসলাম ধর্ম সম্পর্কে পাশ্চাত্যের যে ভ্রান্ত ধারণা রয়েছে, বাংলাদেশের কিছু লোক তা সঠিক প্রমাণ করার চেষ্টা করছে। কিন্তু বাংলাদেশের মানুষ ধর্মপ্রাণ হলেও কোনভাবেই মৌলবাদী নয়। পাশ্চাত্যের ধারণানুযায়ী ইসলাম গোড়া, মৌলবাদী ও সহিংসতার ধর্ম নয়। ইসলাম শান্তি ও অসাম্প্রদায়িকতার ধর্ম।

মানুষের মধ্যকার অর্থনৈতিক বৈষম্য দূর করার ধর্ম। মুসলমানরা বিশ্বে যেখানেই অস্ত্র ধরছে, সেটা ধরছে তারা বাধ্য হয়ে, অস্তিত্ব রক্ষার জন্য বিশ্বের সকল নাগরিকের মতো আত্মরক্ষার অধিকার মুসলমানদের রয়েছে। গত রবিবার জাতীয় প্রেস ক্লাব মিলনায়তনে বর্তমান বিশ্ব পরিস্থিতির আলোকে মুসলিম উম্মাহ'র দায়িত্ব ও কর্তব্য শীর্ষক আলোচনা সভায় তিনি প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। তমদ্দুন মজলিসের ভারপ্রাপ্ত

শিক্ষামন্ত্রী ৮-এর পৃষ্ঠার পর

সভাপতি এ জেড এম শামছুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত আলোচনা সভায় বক্তব্য রাখেন, প্রখ্যাত পদার্থ বিজ্ঞানী ও ইসলামী চিন্তাবিদ ডঃ এম শমসের আলী, ইসলামী ঐক্য জোটের সিনিয়র ভাইস চেয়ারম্যান মওলানা মুহিউদ্দীন খান, দৈনিক ইনকিলাবের নির্বাহী সম্পাদক মাওলানা রুহুল আমিন খান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্র বিজ্ঞানের প্রফেসর ডঃ হাসানুজ্জামান চৌধুরী, বাংলাদেশ খেলাফত মজলিসের নায়েবে আমীর অধ্যাপক আহমদ আবদুল কাদের, ইসলামিক ফাউন্ডেশনের পরিচালক অধ্যাপক হাসান আবদুল কাইউম, তেহরান রেডিওর বাংলা বিভাগের সাবেক পরিচালক ফরিদউদ্দীন খান, কাজী আবদুর রব, আহমদ আবুল কালাম প্রমুখ। ধন্যবাদ জ্ঞাপন করেন তমদ্দুন মজলিসের সাধারণ সম্পাদক ও ভাষা সৈনিক অধ্যাপক আবদুল গফুর। সভায় হামদ ও নাতে রাসূল (সাঃ) পরিবেশ করেন প্রখ্যাত নজরুল সঙ্গীত শিল্পী জনাব খালিদ হোসেন ও এম এ মান্নান। সভা পরিচালনা করেন আহমদ সেলিম রেজা।